

প্রেস বিজ্ঞপ্তি


জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগের বাজার তদারকি বিভিন্ন অপরাধে ১২ টি প্রতিষ্ঠানকে ৪৫,০০০ টাকা জরিমানা

২৭ ডিসেম্বর ২০২১ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর বরিশাল বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়ের ০৫ জন কর্মকর্তার নেতৃত্বে বরিশাল, ভোলা, পিরোজপুর ও পটুয়াখালি -এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সুমি রাণী মিত্র, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ শাহ শোয়াইব মিয়া, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাহমুদুল হাসান, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবশীষ রায় এবং পটুয়াখালি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ সেলিম বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য উৎপাদন, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, ওজনে কারচুপি, এবং মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ১২ টি প্রতিষ্ঠানকে ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, স্বাস্থ্য বিভাগ, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) সহ সংশ্লিষ্ট শিল্প বণিক সমিতির প্রতিনিধিবৃন্দ পরিচালিত বাজার অভিযানে সহযোগিতা প্রদান করেন। বাজার অভিযান/তদারকিকালে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভোক্তা এবং ব্যবসায়ীবৃন্দের মধ্যে লিফলেট, প্যাম্ফলেট বিতরণসহ হ্যান্ডমাইকে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া হয়।


২৭/১২/২০২১

(সুমি রাণী মিত্র)

সহকারী পরিচালক

ফোন: ০২৪৭৮৮৬৪৯০৮

ই-মেইল: ad-barishaldiv@dnrcrp.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৩। পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।
- ৪। জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ৫। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ৬। সকল সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর বরিশাল বিভাগীয় ও জেলা কার্যালয়।
- ৭। অফিস কপি।